# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৭১০

পর্ব - ৬ঃ হাজ্জ (হজ্জ/হজ) প্রসঙ্গ (كتاب الحج)

পরিচ্ছেদঃ ১. হজ্জে এর ফযীলত ও যাদের উপর হজ্জ ফরয তার বিবরণ - উমরার বিধান

আরবী

وَعَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ: أَتَى النَّبِيَّ ـ صلى الله عليه وسلم ـ أَعْرَابِيٌّ. فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ! أَخْبِرْنِي عَنِ الْعُمْرَةِ, أَوَاجِبَةٌ هِيَ? فَقَالَ: «لَا، وَأَنْ تَعْتَمِرَ [ص: 206] خَيْرٌ لَكَ». رَوَاهُ أَحْمَدُ, وَالتِّرْمِذِيُّ, وَالرَّاجِحُ وَقْفُهُ

وَأَخْرَجَهُ ابْنُ عَدِيٍّ مِنْ وَجْهٍ آخَرَ ضَعِيفٍ

ضعيف مرفوعا وموقوفا. رواه أحمد (3/ 316)، والترمذي (931)

ضعيف جدا. رواه ابن عدي (7/ 2507) وفي سنده متروك

বাংলা

৭১০. জাবির বিন ’আবদুল্লাহ থেকে বর্ণিত। তিনি বলেন, একজন বেদুঈন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এসে বলল, হে আল্লাহর রসূল! আপনি আমাকে জানান যে ’উমরাহ পালন আমার উপর কি ওয়াজিব। (আবশ্যক)? তিনি বললেন-না, তবে যদি তুমি কর তা তোমার জন্য কল্যাণের কাজ হবে। -এর মাওকুফ হওয়াটা বেশি যুক্তিযুক্ত। ইবনু ’আদী অন্য একটি দুর্বল সানাদে হাদীসটিকে বর্ণনা করেছেন।[1]

## English

Jabir bin 'Abdullah (RAA) narrated, A Bedouin came to the Prophet (ﷺ) and

said, ‘O Messenger of Allah! Tell me about 'Umrah! Is it compulsory? He replied (ﷺ), “No (it is not compulsory), but it is better for you to perform it.” Related by Ahmad and at-Tirmidhi. Scholars are of the opinion that it is Mawquf.

Ibn 'Adi narrated with a weak chain of narrators

ফুটনোট

[1] তিরমিযী ৯৩১, আহমাদ ১৩৯৮৮, ১৪৪৩১

ইবনু হাযম মুহাল্লা (৭/৩৬) গ্রন্থে বলেছেন। এর সানাদে হাজ্জাজ বিন আরত্বআ রয়েছে, তার দ্বারা দলিল সাব্যস্ত হয় না। ইমাম বাইহাক্বী তাঁর সুনান আল সুগরা ২/১৪৩ গ্রন্থে বলেন, মাওকুফ হিসেবে এটি মাহফুয, আর এটি মারফু হিসেবে দুর্বল সানাদে বর্ণিত। ইমাম যাহাবী আল মুহাযযিব ৪/১৭২৯ গ্রন্থে বলেন, এর সানাদে ইয়াহইয়া দুর্বল হাদীস বর্ণনাকারী যদিও তাকে সহীহ রিজালে অন্তর্ভুক্ত করা হয়ে থাকে। ইমাম সনআনী সুবুলুস সালাম ২/৮৭ গ্রন্থে বলেন, ইমাম আহমাদ ও ইমাম তিরমিযীর সানাদেও হাজ্জাজ বিন আরত্বআ রয়েছে, আর সে দুর্বলদের অন্তর্ভুক্ত।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন ￼ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70521

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন